

দু'টি ছড়া

এক

বোকা-হাঁদা নই সব,
খোয়া গেছে শৈশব!
সকলেই টারজান,
নিতে হবে কার জান?
ঠিক টি.ভি. কায়দায়,
নাচ-গান, খায়-দায়!
জড়ো হলে জনা চার;
শু হয় অনাচার!
এলো একী কালচার,
ঘরে নেই ডাল-চাল--
তবু করে ভিড় কারা?
দেয় ভেঙে শিরদাঁড়া!
খোয়া গেছে শৈশব,
তুলে রাখে বই সব!

দুই

রাত পেরিয়ে সকাল হলো
লতিফ-সিরাজ-শাবানা
ওদের ডেকে বললো মিহির
আমার সাথে যাবা না?

রাত পেরিয়ে সকাল হলো
যাচ্ছে আবুল রমা তো
ওদের জন্য ভালোবাসা
কার বুকে নেই জমা তো?

রাত পেরিয়ে সকাল হলো
রহিম রমেশ আমিনা
ওদের সাথে হাঁটছি সবাই
এই ছবিটা দামী না?

পার্থজিৎ গঙ্গোপাধ্যায়

